**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
www.heu.gov.bd

নম্বর: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০০৪.২২.১২৫

তারিখ: ১০ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিষয়: **স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় শুরুর বিষয়ে অবহিতকরণ ও মতবিনিময় কর্মশালা।**

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০৩০ সালের মধ্যে দেশে সর্বজনীন স্বাস্থ্য সেবা বাস্তবায়নের লক্ষ্যকে সামনে রেখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১" এবং "স্বাস্থ্য খাতে অর্থায়ন কৌশলপত্র: ২০১২-২০৩২" প্রণয়ন করেছে। এই নীতি ও কৌশলপত্রের আলোকে দরিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারসমূহের হাসপাতাল ভিত্তিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে নিজ পকেট থেকে ব্যয় (Out of Pocket Expenditure) হ্রাস-পূর্বক আর্থিক প্রতিবন্ধকতা দূরীকরণ এবং তাদেরকে আর্থিক বিপর্যয় (Catastrophic health expenditure) থেকে রক্ষা করার উদ্দেশ্যে ২০১৬ সালের মার্চ মাস হতে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) পাইলটিং শুরু হয়। ২০১৭ সালের সেপ্টেম্বর মাসে উক্ত পাইলটিং ঘাটাইল ও মধুপুর উপজেলায় সম্প্রসারিত হয়। এসএসকে ইতোমধ্যে বর্ণিত উদ্দেশ্যসমূহ অর্জনে সফল হওয়ায় সরকারি অনুমোদন ও নির্দেশনার আলোকে পাইলটিং বর্তমানে সমগ্র টাঙ্গাইল জেলা, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং দেশের আরো ছয় (০৬) টি জেলা যথা: বরিশাল, বরগুনা, লক্ষ্মীপুর, মানিকগঞ্জ, লালমনিরহাট ও কুড়িগ্রাম-এ সম্প্রসারিত হচ্ছে।

২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী প্রায় ২,৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) পরিবারকে এসএসকে সেবার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাছাইকৃত পরিবারসমূহকে একটি করে এসএসকে স্বাস্থ্য কার্ড প্রদান করা হবে। এসএসকে কার্ডধারীগণ অসুস্থ হয়ে পড়লে তাদের নামে ইস্যুকৃত কার্ড নিয়ে নির্ধারিত এসএসকে হাসপাতালে উপস্থিত হলে সম্পূর্ণ বিনামূল্যে ১১০টি রোগের সেবা প্রদান করা হবে।

৩। এই কর্মসূচির অংশ হিসেবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় বর্তমানে দুইটি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল যথা: (১) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল এবং (২) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালকে এসএসকে সেবা প্রদানের জন্য নির্বাচন করা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে এসএসকে স্বাস্থ্য সেবা বিষয়ে নির্বাচিত হাসপাতালের পরিচালক এবং চিকিৎসকবৃন্দকে অবহিতকরণ ও তাঁদের সাথে মতবিনিময় করার জন্য বিগত ১২ মে ২০২২ খ্রি. মুগদা মেডিকেল কলেজ হাসপাতালে এবং এবং ২২ মে ২০২২ খ্রি. স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালে কর্মশালা অনুষ্ঠিত হয়। আশা করা যাচ্ছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় আগামী ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. হতে এবং উত্তর সিটি কর্পোরেশন এলাকায় আগামী এপ্রিল ২০২৩ খ্রি. হতে স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি চালু করা যাবে।

৪। সিটি কর্পোরেশন এলাকায় স্বাস্থ্য সেবা প্রদানের দায়িত্ব স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের হওয়ায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্মানীত ওয়ার্ড কাউন্সিলরগণকে দরিদ্র জনগণের জন্য পরিকল্পিত এ স্বাস্থ্য সেবায় অধিকতর সম্পৃক্ত করার উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে আগামী **০৩/০১/২০২৩ খ্রি. দুপুর ২.৩০ ঘটিকায়** নগর ভবনের সম্মেলন কক্ষে একটি এসএসকে অবহিতকরণ ও মতবিনিময় কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে মেয়র মহোদয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং সভাপতিত্ব করবেন ড. মোঃ এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।

৫। সকলকে নির্ধারিত তারিখ ও সময়ে কর্মশালায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

26/12/2022

ড. সৈয়দা নওশীন পর্ণিনী,
পরিচালক (গবেষণা)
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমাণুসারে নয়)**

**কর্মকর্তাগণ, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, ঢাকা বিভাগ**

১। জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (কাউন্সিলরগণের উপস্থিতি নিশ্চিতের অনুরোধ সহ)
২। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড (সংরক্ষিত আসনসহ)............. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। জনাব আকরামুজ্জামান, সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪। জনাব আবুল ফয়েজ মোঃ আলাউদ্দিন খান, প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), এইপিএইচসিএসডিপি-২।
৫। বিভাগীয় পরিচালক- স্বাস্থ্য, ঢাকা বিভাগ।
৬। ডাঃ ফজলে শামসুল কবির, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত), স্বাস্থ্য বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৭। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৮। সহকারি স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

**কর্মকর্তাগণ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

৯। জনাব মোহাম্মদ হেলাল হোসেন, যুগ্ম সচিব (উন্নয়ন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিকল্পনা কল্যাণ মন্ত্রণালয়।
১০। জনাব শায়লা শার্মিন জামান, যুগ্ম সচিব (স্বাস্থ্য অধিশাখা, পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিকল্পনা কল্যাণ মন্ত্রণালয়।
১১। জনাব জাকিয়া পারভীন, যুগ্মসচিব (২-পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিকল্পনা কল্যাণ মন্ত্রণালয়।
১২। জনাব মোঃ আবদুছ সালাম, যুগ্ম সচিব (বাজেট-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিকল্পনা কল্যাণ মন্ত্রণালয়।
১৩। জনাব মুঃ জসীম উদ্দিন খান, উপসচিব (জনস্বাস্থ্য-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিকল্পনা কল্যাণ মন্ত্রণালয়।

**কর্মকর্তাগণ, স্বাস্থ্য অধিদপ্তর**

১৪। অধ্যাপক ডা. মোঃ সামিউল ইসলাম, পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর।
১৫। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর।
১৬। ডা. আফরীনা মাহমুদ, পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর।

**স্বাস্থ্য অর্থনীতি ইউনিট**

১৭। ড. সৈয়দা নওশীন পর্ণিনী, পরিচালক -গবেষণা (উপসচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
১৮। ডা. মোঃ মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (উপসচিব) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
১৯। খোন্দকার মোহাম্মদ রিজাউল করিম, উপপরিচালক-১, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২০। ডা. মোঃ রফিকুল ইসলাম, সহকারী পরিচালক (স্বাস্থ্য) ) ফোকাল পারসন, -এসএসকে, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২১। ডা. মোঃ সামিউল হুদা, সহকারী সার্জন, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২২। জনাব মোঃ মেহেদী হাসান, সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৩। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।

**পরামর্শকবৃন্দ: স্বাস্থ্য অর্থনীতি ইউনিট**

২৪। ড. মোঃ শাহাদাৎ হোসেইন, জাতীয় পরামর্শক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৫। জনাব মোঃ আজমল কবির, জাতীয় পরামর্শক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৬। জনাব নাজিয়া সুলতানা, জুনিয়র জাতীয় পরামর্শক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।

নম্বর: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০০৪.২২.১২৫/১(২)

তারিখ: ১০ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত), স্বাস্থ্য বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
২) মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

26/12/2022
ডা: মোঃ মোস্তাফিজুর রহমান
উপপরিচালক (উপসচিব)
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট